

# কর্মজীবী নারী

প্রেস বিজ্ঞপ্তি

তারিখ: ২৯/০৯/২০২০

বরাবর

বার্তা সম্পাদক/ প্রধান প্রতিবেদক/ এসাইনমেন্ট অফিসার

জনাব

কর্মজীবী নারী'র পক্ষ থেকে সংগ্রামী শুভেচ্ছা!

সকল শ্রেণি-পেশা নির্বিশেষে নারীর অধিকার ও মর্যাদা প্রতিষ্ঠার লক্ষ্যে 'কর্মজীবী নারী' তার প্রতিষ্ঠালগ্ন ১৯৯১ সাল থেকেই নারী ও নারীশ্রমিকের ক্ষমতায়নের প্রচেষ্টার মধ্য দিয়ে নারীর মর্যাদা বৃদ্ধি এবং জাতীয় অগ্রগতিতে নারীর অবদান রাখার বিষয়ে বিভিন্ন কার্যক্রম চালিয়ে আসছে।

আপনারা জানেন যে, নারীশ্রমিকের ক্ষমতায়ন ও মর্যাদা বৃদ্ধির পাশাপাশি কর্মজীবী নারী দীর্ঘ দিন ধরে নারীর প্রতি সকল প্রকার সহিংসতার বিরুদ্ধে সোচ্চার ও প্রতিবাদ করে আসছে। এরই ধারাবাহিকতায় কর্মজীবী নারী সাম্প্রতিক সময়ে ঘটে যাওয়া নারীর প্রতি সহিংসতার ঘটনার প্রতিবাদের সিদ্ধান্ত নিয়েছে। কর্মজীবী নারী এই বিষয়গুলোকে বিবেচনা করে - "চলন্ত বাসে পোশাক শ্রমিক, খাগড়াছড়িতে আদিবাসী তরুণী, এমসি কলেজে গৃহবধু ধর্ষণ এবং সাভারে নীলা রায় হত্যাসহ দেশব্যাপী নারীর প্রতি সকল প্রকার সহিংসতার বিরুদ্ধে আমাদের প্রতিবাদ" এই প্রতিপাদ্যকে সামনে রেখে আগামী ৩০ সেপ্টেম্বর ২০২০ বুধবার সকাল ১১ টায় মিরপুর ১ এর সনি সিনেমা হল চত্বরে প্রতিবাদের আয়োজন করতে যাচ্ছে। উক্ত আয়োজনে উপস্থিত থাকবেন বিভিন্ন শ্রেণি-পেশার নাগরিকগণ, নারী ও নারীশ্রমিক নেত্রীবৃন্দ এবং কর্মজীবী নারী'র কর্মীবৃন্দ।

অনুষ্ঠান	:	নারীর প্রতি সহিংসতার প্রতিবাদে অবস্থান কর্মসূচী
বিষয়	:	"চলন্ত বাসে পোশাক শ্রমিক, খাগড়াছড়িতে আদিবাসী তরুণী, এমসি কলেজে গৃহবধু ধর্ষণ এবং সাভারে নীলা রায় হত্যাসহ দেশব্যাপী নারীর প্রতি সকল প্রকার সহিংসতার বিরুদ্ধে আমাদের প্রতিবাদ"
তারিখ, স্থান ও সময়	:	৩০ সেপ্টেম্বর ২০২০, বুধবার, সকাল ১১ :০০ টা থেকে দুপুর ১২:০০ টা পর্যন্ত; সনি সিনেমা হল চত্বর, মিরপুর-১, ঢাকা।

অনুগ্রহপূর্বক উক্ত আয়োজনে আপনার বহুল প্রচারিত জাতীয় দৈনিক / দর্শক নন্দিত টেলিভিশন চ্যানেল / বার্তা সংস্থার পক্ষ থেকে একজন প্রতিবেদক ও একজন চিত্র সাংবাদিক / ক্যামেরা ক্রু পাঠানোর অনুরোধ করছি।

বার্তা প্রেরক



রাবিতা ইসলাম

সমন্বয়ক, কর্মজীবী নারী

মোবাইল: ০১৯৩৭০৩৮৭০০

কর্মজীবী নারী, গ্রীন এভিনিউ পার্ক, বাড়ি-০১, এপার্টমেন্ট বি৮, রোড-০৩, ব্লক-এ, সেকশন-০৬, মিরপুর, ঢাকা-১২১৬; টেলিফোন: ০২ ৫৮০৫১৫৪৫,

ফ্যাক্স: ০২ ৫৮০৫১৫৪৬